
DEC. 25 2001

দৈনিক সংবাদ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৬ কলাম ... ৩ ...



# কেমন চলছে ইসলামী বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম

সাইফুল্লাহ্ মুন্না

দেশের ১১টি সরকারি বিশ্ববিদ্যালয়ের অন্যতম ইসলামী বিশ্ববিদ্যালয়। ১৯৭৯ সালের ২২শে নভেম্বর কুষ্টিয়া ও ঝিনাইদহ জেলার শান্ত শ্যামল গ্রাম শান্তিডাঙ্গা ও দুলালপুরে এ বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন তৎকালীন প্রেসিডেন্ট জিয়াউর রহমান। তবে এরপর ১৯৮৬ সালের ২৮শে জুন ইসলামী বিশ্ববিদ্যালয়ের প্রথম ক্লাস শুরু হলেও এটি স্থানান্তরিত হয় গাজীপুরে (বর্তমানে জাতীয় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে)। এরপর বিশ্ববিদ্যালয়ের প্রস্তাবিত স্থানে শান্তিডাঙ্গা-দুলালপুরে ভার্সিটির অবকাঠামো নির্মাণের কাজ শুরু হলে ১৯৯১ সালে গাজীপুর থেকে কুষ্টিয়ার অস্থায়ী ক্যাম্পাসে নিয়ে যাওয়া হয় ইসলামী বিশ্ববিদ্যালয়কে। কিছুদিন পর বর্তমান স্থানেই পুরোদমে যাত্রা শুরু করে ব্যতিক্রমী এ বিশ্ববিদ্যালয়। ইসলামী সম্মেলন সংস্থাসহ দাতাদের সাহায্যে এখানে বিভিন্ন উন্নয়নমূলক কাজ করা হয়। আধুনিক মানের লাইব্রেরিসহ বিভিন্ন সুবিধা স্থাপন করা হলেও একটি পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় হিসেবে এখনো কিছুটা ঘাটতি পরিলক্ষিত হয় অনেক ক্ষেত্রে। অত্যাধুনিক জিমনেসিয়াম, আন্তর্জাতিক হল, অডিটোরিয়ামসহ সাম্প্রতিক সময়ে বেশকিছু উল্লেখযোগ্য সংযোজন হয়েছে এ বিশ্ববিদ্যালয়ে। তবে নানা প্রতিকূলতার কারণে ভার্সিটির একমাত্র অডিটোরিয়ামটি আজো খুলে দেয়া হয়নি। তথাপি বিশ্ববিদ্যালয়ের সাত সহস্রাধিক ছাত্রছাত্রী, শিক্ষক আজো অভাব বোধ করে একটি ক্যাফেটেরিয়ার।

১শ ৭৫ একর জমির ওপর প্রতিষ্ঠিত ইসলামী বিশ্ববিদ্যালয়ে ৫টি অনুষদে বিভাগ আছে মোট ১৮টি। বর্তমানে এসব বিভাগে পড়াশুনা করছে ৬ হাজার ৬শ ৩৬ জন ছাত্রছাত্রী। তাদের জন্য এ বিশ্ববিদ্যালয়ে আবাসিক হল আছে ৫টি। এর মধ্যে ৩টি ছাত্রদের ও ২টি ছাত্রীদের। এ বিশ্ববিদ্যালয়ে পাঠদানে বর্তমানে কর্মরত শিক্ষক আছেন ২শ ৩৪ জন। আর কর্মকর্তা আছেন ৯৬ জন, সহায়ক ও সাধারণ কর্মচারী আছেন ৪শ ৬১ জন।

১৯৮০ সালের ইসলামী বিশ্ববিদ্যালয় আইন দ্বারা প্রতিষ্ঠিত এ বিশ্ববিদ্যালয় থেকে অনার্স লেভেলে দেয়া ডিগ্রিগুলো হচ্ছেঃ বিএ, বিটিআইএস, বিবিএস, বিবিএ, বিএসএস, এলএলবি ও বিএসসি। মাস্টার্স লেভেলে দেয়া হয়ঃ এমএ, এমটিআইএস, এমবিএস, এমবিএ, এমএসএস, এলএলএম, এমএসসি ইত্যাদি ডিগ্রি। এ বিশ্ববিদ্যালয় থেকে উচ্চতর ডিগ্রি দেয়া হয় এম.ফিল ও পিএইচ.ডি। ইতোমধ্যে এম.ফিল ডিগ্রি প্রদান করা হয়েছে ১৫ জনকে। এখন এম.ফিল গবেষণা করছেন ৯২ জন। ইতোমধ্যে এখান থেকে পিএইচ.ডি ডিগ্রি লাভ করেছেন ১১ জন। এখন পিএইচ.ডি. গবেষণারত আছেন ৪৪ জন।

বিশ্ববিদ্যালয়ে যেসব বিভাগে পাঠদান করা হয় সেগুলো হলোঃ আইন ও মুসলিম বিধান, হিসাব বিজ্ঞান, ব্যবস্থাপনা, ইলেকট্রনিক্স ও ফলিত পদার্থ বিজ্ঞান, ফলিত রসায়ন ও রাসায়নিক প্রযুক্তি, কম্পিউটার বিজ্ঞান ও প্রযুক্তি, ইনফরমেশন সায়েন্স এন্ড টেকনোলজি, ফলিত পুষ্টি ও খাদ্য বিজ্ঞান, বায়ো টেকনোলজি, অর্থনীতি, বাংলা, আরবী ভাষা ও সাহিত্য, রাষ্ট্রনীতি ও লোক প্রশাসন, ইংরেজি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, আল কোরআন ও ইসলামিক স্টাডিজ, দাওয়াহ্ এন্ড ইসলামিক স্টাডিজ এবং আল-হাদিস এন্ড ইসলামিক স্টাডিজ।

এছাড়া আরো কিছু বিষয়ে অচিরেই বিভাগ খোলার পরিকল্পনা রয়েছে। ইসলামী বিশ্ববিদ্যালয়ে দ্বিতীয় সমাবর্তন হয় গত বছরের ৫ই ডিসেম্বর।